| 3. | Authority under which corporate debtor is incorporated / registered | Registrar of Companies – Kolkata |
| 4. | Corporate Identity No. / Limited Liability Identification No. of corporate debtor | U51909WB2003PTC096775 |
| 5. | Address of the registered office and principal office (if any) of corporate debtor | **Registered Address:** Landmark, 5th Floor 228A, A.J.C. Bose Road, Kolkata, West Bengal, 700020, India. [ Erst - while Registered Address: 9 Ezra Street, First Floor, Room No. 23, Kolkata, West Bengal India-700001.] |
| 6. | Insolvency commencement date in respect of corporate debtor | March 21, 2022 – Insolvency Commencement Date<br>July 21, 2023: Date of Appointment of IRP<br>July 27, 2023: Date of receipt of order by the IRP. |
| 7. | Estimated date of closure of insolvency resolution process | January 23, 2024 |
| 8. | Name and registration number of the insolvency professional acting as interim resolution professional | **Name: Mr. Arun Poddar**<br>Regn No: IBBI/IPA-001/IP-P02237/2020-2021/13387 |
| 9. | Address and e-mail of the interim resolution professional, as registered with the Board | **Registered Address :** 1st Floor, 144B Shyama Prasad Mukherjee Road, Post Office Kalighat Near Rash Behari More, Kolkata, West Bengal, 700026.<br>**Email Id :** ca.arunpoddar@gmail.com |
| 10. | Address and e-mail to be used for correspondence with the interim resolution professional | **Process Specific Address :** Arun Poddar c/o Ancoraa Resolution Private Limited, 1412, 14th Floor, Real Tech Park, Sector 30 A, Vashi, Navi Mumbai - 400 703.<br>**Process Specific Email Id :** cirp.chandni@ancoraa.com |
| 11. | Last date for submission of claims | 10 August, 2023 |
| 12. | Classes of creditors, if any, under clause (b) of sub-section (6A) of section 21, ascertained by the interim resolution professional | NA |
| 13. | Names of Insolvency Professionals identified to act as Authorised Representative of creditors in a class (Three names for each class) | NA |
| 14. | (a) Relevant Forms and<br>(b) Details of authorized representatives are available at: | Web link: https://ibbi.gov.in/home/downloads<br>Physical Address: N.A. |

Notice is hereby given that the National Company Law Tribunal, Kolkata Bench -II has ordered the commencement of a Corporate Insolvency Resolution Process of the **Chandni Commercials Private Limited** on March 21, 2022, vide order no. C.P (IB) No. 684/ KB/ 2019 (Date of Appointment of IRP July 21, 2023, and Date of receipt of order by IRP is July 27, 2023).

The creditors of **Chandni Commercials Private Limited** are hereby called upon to submit their claims with proof on or before August, 10 2023, to the Interim Resolution Professional at the address mentioned in entry No. 10.

The financial creditors shall submit their claims with proof by electronic means only. All other creditors may submit the claims with proof in person, by post or by electronic means.

**Submission of false or misleading proofs of claim shall attract penalties.**

**Date: July 28, 2023**
**Place: Kolkata**

SD/-
**Arun Poddar**
**Interim Resolution Professional**
**In the matter of Chandni Commercials Private Limited**
IBBI Regn. No - IBBI/IPA-001/IP-P02237/2020-2021/13387
AFA Valid till March 26, 2024

# নির্মীয়মাণ বাড়িতে জল জমে থাকলে মামলা করবে পুরসভা

আজকালের প্রতিবেদন

মশার লার্ভা মেলায় এবার জাতীয় গ্রন্থাগার, কোল ইন্ডিয়ার বিরুদ্ধে মামলা করল কলকাতা পুরসভা। একই অভিযোগে এসএসকেএম হাসপাতালে নোটিস পাঠাল কলকাতা পুরসভা। শনিবার এ কথা জানিয়েছেন ডেপুটি মেয়র অতীন ঘোষ। শহরে ডেঙ্গি নিয়ন্ত্রণে এবার নির্মীয়মাণ বাড়িতে জল জমে থাকলেও মামলা করার সিদ্ধান্ত নিয়েছে পুর–প্রশাসন।

এদিন ডেঙ্গি সচেতনতার প্রচারে গিয়ে নির্মীয়মাণ বাড়িতে জল জমে থাকতে দেখে রেগে গেলেন কলকাতা পুরসভার মেয়র পারিষদ (নিকাশি) তারক সিং। ওই নির্মীয়মাণ বাড়ির নিরাপত্তারক্ষীকে সপাটে চড় কষালেন মেয়র পারিষদ।

শনিবার সকালে বেহালার ১১৮ নম্বর ওয়ার্ড পরিদর্শনে গিয়েছিলেন তারক সিং। সেখানেই একটি নির্মীয়মাণ বাড়িতে জল জমে থাকতে দেখেন তিনি। স্থানীয় বাসিন্দাদের সূত্রে জানা গেছে, বাড়িটির নিরাপত্তারক্ষীকে ডেকে তারক সিং জানতে চান, জল জমে রয়েছে কেন। এর কোনও সদুত্তর দিতে পারেননি ওই রক্ষী। তখনই যুবককে সপাটে চড় কষান মেয়র পারিষদ। এ নিয়ে তারক সিংয়ের বক্তব্য, ‘ডেঙ্গু নিয়ে পুরসভা প্রচার চালাচ্ছে। তার পরেও কিছু মানুষের হুঁশ ফিরছে না। কত মানুষের প্রাণ যাচ্ছে। জল জমেছিল, তাই জানতে চেয়েছি। মেয়র পারিষদ নয়, একজন সাধারণ মানুষ হিসেবে চড় মেরেছি।’ এবং তিনি পরিষ্কার জানিয়ে দেন, আগামী দিনে এই ধরনের ঘটনা ঘটলে ব্যবস্থা নেওয়া হবে। তারক সিংয়ের অভিযোগ, ওইখানে জল জমে থাকে। বারবার বলার পরও শোনে না। একটা ১০ বছরের মেয়ের মৃত্যু হয়ে গেছে। তবুও কেউ কথা শোনে না। নিজের হাতে আইন কেন তুলে নিলেন সেই প্রসঙ্গে মেয়র পারিষদের বক্তব্য, ‘আমি যদি অপরাধ করে থাকি ওই লোকটাকে সঙ্গে নিয়ে গিয়ে মামলা করুন আমার নামে। লোক মরে যাচ্ছে, আপনারা সমালোচনা করবেন। মেয়রের পদত্যাগ চাইবেন। কাউকে বারণ করলে শুনবে না, আমরা খালি ফাইন করে চুপ করে বসে থাকব? মেয়র পারিষদ তো মানুষ! একজন দায়িত্বপ্রাপ্ত গার্জেনের কাজ চড় মারা।’

বর্ষা শুরু হতেই ডেঙ্গির প্রকোপ বেড়ে চলেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে শহর জুড়ে সচেতনতা প্রচারে নেমেছে কলকাতা পুরসভা। সতর্ক করার পরও যেখানে–সেখানে আবর্জনা ফেলে রেখে মশার আঁতুড়ঘর তৈরি করে রেখেছে। সেই সব বাড়ি, হাসপাতাল, সরকারি ও বেসরকারি সংস্থার বিরুদ্ধে কড়া পদক্ষেপ করেছে পুরসভা। এ বিষয়ে পতঙ্গবিদ ডাঃ দেবাশিস বিশ্বাস জানান, বছরের শুরু থেকে পুর স্বাস্থ্য দপ্তর কাজ করছে। এবার থেকে নির্মীয়মাণ জায়গায় গিয়ে পুর স্বাস্থ্য দপ্তর থেকে নোটিস দেওয়া হচ্ছে। তাতে কাজ না হলে মামলা করা হবে। ১ জানুয়ারি থেকে ২৫ জুলাই পর্যন্ত ৫,০৮৫টি নোটিস দিয়েছে পুর স্বাস্থ্য দপ্তর। এর মধ্যে ৮৬টি ক্ষেত্রে মামলা করা হয়েছে। নাগরিক অসচেতনতা মশাবাহিত রোগের অন্যতম বড় কারণ। পুরসভা থেকে বারবার অনুনয়–বিনয় করে নাগরিকদের সতর্ক থাকতে বলা হয়। সতর্ক করতে নোটিসও দেওয়া হয়। কিন্তু সেভাবে কাজ হয়নি। তাই এবার পুরসভা কড়া পদক্ষেপ করার সিদ্ধান্ত নিয়েছে।

## কলকাতা



ডেঙ্গি, ম্যালেরিয়ামুক্ত পরিবেশ গড়তে কলকাতা পুরসভার মেয়র পারিষদ তারক সিং স্বাস্থ্যকর্মীদের নিয়ে শনিবার ১১৮ নম্বর ওয়ার্ডে নির্মীয়মাণ আবাসনগুলি পরিদর্শন ও সচেতনতামূলক অভিযান চালান। ছবি: অভিজিৎ মণ্ডল



ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রয়াণ দিবসে শ্রদ্ধা জানাচ্ছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। কলেজ স্কোয়্যারে, শনিবার। ছবি: অভিজিৎ মণ্ডল

# মুখ্যমন্ত্রীকে আচার্য পদে দেখতে চাই, বললেন শিক্ষামন্ত্রী

আজকালের প্রতিবেদন

রাজ্যপালের বদলে রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলির আচার্য পদে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে দেখতে চাই। যত দ্রুত সম্ভব রাজভবন থেকে এই বিল অনুমোদিত হয়ে সরকারের কাছে ফেরত আসুক। শনিবার একথা বলেছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। এদিন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রয়াণ দিবসে কলেজ স্কোয়্যারে তাঁর মূর্তিতে মাল্যদান করেন শিক্ষামন্ত্রী। একতরফা ভাবে বিশ্ববিদ্যালয়গুলিতে রাজ্যপালের উপাচার্য নিয়োগ নিয়ে প্রশ্ন করলে শিক্ষামন্ত্রী বলেন, বিশ্ববিদ্যালয়ে কোনওরকম রাজনৈতিক হস্তক্ষেপ পছন্দ করি না। বিশ্ববিদ্যালয়গুলির নিজস্ব স্বাধিকার রয়েছে। এই মুহূর্তে বিশ্ববিদ্যালয়গুলির আচার্য পদে মুখ্যমন্ত্রীকে দেখতে চাই। রাজভবন থেকে এ সংক্রান্ত বিলটি পাশ করে দ্রুত সরকারের কাছে আসুক এটাই চাই। প্রসঙ্গত, রাজ্যপালের বদলে মুখ্যমন্ত্রীকে বিশ্ববিদ্যালয়ের আচার্য করা নিয়ে বিলটি বিধানসভায় পাশ হওয়ার পর অনুমোদনের জন্য রাজভবনে পাঠানো হয়েছে। কিন্তু এক বছরেরও বেশি হয়ে গেল এখনও এ নিয়ে রাজভবন থেকে কিছু জানানো হয়নি। এদিকে এদিন বিদ্যাসাগরের প্রয়াণ দিবসে তাঁকে শ্রদ্ধা জানাতে সংস্কৃত বিশ্ববিদ্যালয়ে যান রাজ্যপাল সিভি আনন্দ বোস। সেখানে তিনি জানান, এই বিশ্ববিদ্যালয়ে বিদ্যাসাগরের নামাঙ্কিত একটি চেয়ার প্রফেসরশিপ চালু করা হবে। উপাচার্য রাজকুমার কোঠারি বলেন, রাজ্যপাল বিশ্ববিদ্যালয়ের নবদ্বীপ ক্যাম্পাসে যাওয়ার আগ্রহ প্রকাশ করেছেন। ওই ক্যাম্পাসটিকে গবেষণা কেন্দ্র হিসেবে গড়ে তোলা হবে।

# স্থায়ী উপাচার্য শিক্ষকদের দাবি দিবস

আজকালের প্রতিবেদন

স্থায়ী উপাচার্য ও ডিন নিয়োগ–সহ বিভিন্ন দাবিতে ১ আগস্ট রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে দাবি দিবস পালন করবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সংগঠনগুলি। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে যাদবপুর, কলকাতা, কল্যাণী, রবীন্দ্রভারতী–সহ ১৪টি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সংগঠনের এক যৌথ সাংবাদিক সম্মেলনে এমনটাই জানানো হয়েছে। এর সঙ্গে ওই দিন রাজ্য এবং দেশের সামগ্রিক শিক্ষা পরিস্থিতি নিয়ে বিকাশ ভবনের সামনে প্রতিবাদ সভার ডাক দিয়েছে পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (ওয়েবকুটা)। দাবি দিবসের অন্যান্য দাবিগুলি হল, নতুন আইন অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের বিধি তৈরি করতে হবে, এই বিধি অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণকারী সংস্থাগুলিতে নির্বাচিত শিক্ষক প্রতিনিধিদের আসার সুযোগ করে দিতে হবে, শূন্যপদে শিক্ষক নিয়োগ করতে হবে, নিয়োগ ও পদোন্নতির জন্য বিশেষজ্ঞ কমিটিতে আচার্যের প্রতিনিধি দিতে হবে ইত্যাদি।

# উপকূলে নিম্নচাপ, আজ ৬ জেলায় ভারী বৃষ্টি

আজকালের প্রতিবেদন

ওড়িশা ও সংলগ্ন পশ্চিমবঙ্গের উপকূলে দানা বেঁধেছে একটি নিম্নচাপ। এর প্রভাবে উপকূল এবং লাগোয়া ৬ জেলায় আজ, রবিবার ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। অন্য জেলাগুলিতে হতে পারে হালকা থেকে মাঝারি। শনিবার পূর্বাভাসে এমনটাই জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। শনিবার দিনভর গুমোট গরমে ছিল অস্বস্তি। আবহাওয়া দপ্তর জানিয়েছে, তাপমাত্রার ব্যবধান অনেকটা কমে যাওয়ার পাশাপাশি বাড়তি আর্দ্রতার কারণে এমন হচ্ছে।

এবার শুরু থেকে বর্ষা একটু ঝিমিয়ে রয়েছে। ঝমঝমিয়ে বৃষ্টি দক্ষিণবঙ্গে একেবারেই হয়নি। নিম্নচাপের বৃষ্টিও পাওয়া যায়নি। গত এক মাসে বর্ষায় বঙ্গোপসাগরে যতগুলি ঘূর্ণাবর্ত ও নিম্নচাপ দানা বেঁধেছে, সবগুলিই চলে গেছে ওড়িশার দিকে। এবার একটি ঘূর্ণাবর্ত দানা বেঁধে নিম্নচাপে পরিণত হয়েছে বাংলার পশ্চিম উপকূল লাগোয়া অঞ্চলে। পাশাপাশি বর্ষারেখাও এই নিম্নচাপটির মধ্যে দিয়ে গেছে। স্বাভাবিকভাবেই বাড়তি একটু বৃষ্টির সম্ভাবনা তৈরি হয়েছে। আবহাওয়া দপ্তর জানিয়েছে, দুই মেদিনীপুরের পাশাপাশি ঝাড়গ্রাম, বাঁকুড়া, পুরুলিয়া ও দক্ষিণ ২৪ পরগনায় রবিবার ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। পাশাপাশি দুই দিনাজপুরেও মাঝারি থেকে ভারী বৃষ্টি হতে পারে।

তাপমাত্রা কম থাকলেও শনিবার সকাল থেকে গুমোট গরম দক্ষিণবঙ্গে। প্রচণ্ড ঘাম হয়েছে। আবহাওয়া দপ্তর জানিয়েছে, মেঘলা আবহাওয়ার কারণে সর্বোচ্চ তাপমাত্রা বেশ খানিকটা কমেছে। তুলনায় খানিকটা বেশি হয়ে প্রায় সর্বোচ্চের কাছাকাছি রয়েছে সর্বনিম্ন তাপমাত্রা। হাওয়ায় আর্দ্রতাও অনেকটা বেশি। তাই বেশ গরম, অস্বস্তি হচ্ছে। কলকাতায় এদিন সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৮ ডিগ্রি সেলসিয়াস, সর্বনিম্ন ২৮.১। ব্যবধান মাত্র ২.৭ ডিগ্রি। কলকাতার মতোই দমদম, বিধাননগর, হাওড়া, নদিয়া, ডায়মন্ড হারবার, দিঘা–সহ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই তাপমাত্রার ব্যবধান ছিল বেশ কম। ফলে দিনভর অস্বস্তিও ছিল। আবহাওয়া দপ্তর জানিয়েছে, একটু জমিয়ে বৃষ্টি হলে এই অস্বস্তি কমে যাবে। হবে আরাম।

# দিঘা থেকে উদ্ধার তিলজলার অপহৃত

আজকালের প্রতিবেদন

তিলজলা থেকে অপহৃত হয়েছিলেন এক ব্যক্তি। তদন্তে নেমে শনিবার সন্ধ্যায় তাঁকে দিঘা থেকে উদ্ধার করল কলকাতা পুলিশ। এই ঘটনায় এক যুবককে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতের নাম শেখ মোক্তার মহম্মদ। সে পূর্ব মেদিনীপুরের এগরার বাসিন্দা। আজ, রবিবার ধৃতকে আদালতে তোলা হবে।

শুক্রবার রাত সাড়ে ১১টা নাগাদ আরিফ মহম্মদ নামে এক যুবক তিলজলা থানায় যান। তিনি পুলিশকে জানান, ২৭ জুলাই, অর্থাৎ বৃহস্পতিবার দুপুরে তিলজলা এলাকার একটি রেস্তোরাঁর সামনে থেকে তাঁর কাকা রাজমুল শেখ ওরফে রাজুকে অপহরণ করা হয়। ওই দলে ৬–৭ জন অজ্ঞাতপরিচয় ব্যক্তি ছিল। তারা একটি লালরঙের হুন্ডাই আই–২০ গাড়িতে রাজুকে তুলে নিয়ে যায়। ওই এলাকায় সার্ভিস রোডে রাজমুলের হুন্ডাই ক্রেটা গাড়ি দাঁড় করিয়ে রাখা ছিল। অভিযোগকারীর দাবি, অভিযুক্তরা ওই গাড়িটিও নিয়ে যায়। এরপর অপহরণকারীরা বিভিন্ন অচেনা নম্বর থেকে ফোন করে ৩০ লক্ষ টাকা মুক্তিপণ দাবি করতে থাকে। এমনকী, পুলিশকে জানালে অপহৃত ব্যক্তিকে প্রাণে মেরে ফেলার হুমকিও দেওয়া হয়। তাই শুরুতে থানায় আসতে ভয় পাচ্ছিলেন আরিফ।

শনিবার রাতে অভিযোগ পাওয়ার পরেই তদন্তে নামে তিলজলা থানা ও লালবাজারের গুন্ডা দমন শাখা। ঘটনাস্থলের সিসি টিভি ফুটেজ খতিয়ে দেখা হয়। একই সঙ্গে প্রযুক্তিগত সহায়তা নিয়ে তদন্তকারীরা জানতে পারেন, রাজমুলকে দিঘার কোথায় রাখা হয়েছে। এরপর দিঘা পুলিশের সহায়তায় সেখানে অভিযান চালান পুলিশ ও গোয়েন্দারা। এদিন সন্ধে সাড়ে ৬টা নাগাদ রাজমুল শেখকে সুরক্ষিতভাবে উদ্ধার করা হয়। তবে ঘটনাস্থল থেকে চুরি যাওয়া গাড়িটি উদ্ধার করা যায়নি। প্রাথমিকভাবে পুলিশ জানতে পেরেছে, মালদার বাসিন্দা রাজমুল ক্রিপটো কারেন্সির ব্যবসা করেন। মাস তিনেক আগে তিনি কলকাতায় এসে একটি বাড়ি ভাড়া নিয়ে থাকতে শুরু করেছিলেন। অপহরণকারীরা প্রথমে তাঁকে এগরায় আটকে রেখেছিল। পুলিশ আসার খবর পেয়ে তারা রাজমুলকে দিঘায় নিয়ে যাচ্ছিল। তখনই তারা ধরা পড়ে যায়। পুলিশের ধারণা, ব্যবসায়িক কোনও কারণের জেরেই ওই যুবককে অপহরণ করা হয়েছিল। ধৃত মোক্তারকে জেরা করে বাকি অভিযুক্তদের খোঁজ চলছে।

# ভাইরাসের চরিত্র জানতে করা হবে সেরোটাইপ পরীক্ষা

আজকালের প্রতিবেদন

ডেঙ্গি ভাইরাসের প্রজাতি জানতে করা হবে সেরোটাইপ পরীক্ষা। এ বছর ভাইরাসের চরিত্র পরিবর্তন হয়ে ভয়ঙ্কর কোনও রূপ ধারণ করল কিনা জানতেই ডেঙ্গি পজিটিভ নমুনার সেরোটাইপ পরীক্ষা করানোর সিদ্ধান্ত নিয়েছেন বেলেঘাটা আইডি হাসপাতাল কর্তৃপক্ষ। ডেঙ্গি পজিটিভ রোগীর সংখ্যা ক্রমশ বাড়ছে। কলকাতা শুধু নয়, আশপাশ অঞ্চলেও বৃদ্ধি পাচ্ছে। স্বাস্থ্য দপ্তরের নির্দেশে বেলেঘাটা আইডি হাসপাতালে ডেঙ্গি–আক্রান্তের নমুনা পাঠানো হবে নাইসেডে। ডেঙ্গি ভাইরাসের চেনা রূপের বদলে নতুন কোনও কিছু পাওয়া গেলে তার বিরুদ্ধে লড়াইয়ের উপযুক্ত ব্যবস্থা নেবেন স্বাস্থ্য কর্তারা। বেলেঘাটা আইডি–তে ১০ জন ডেঙ্গি রোগী ভর্তি, ৫ জন ম্যালেরিয়ায় আক্রান্ত চিকিৎসাধীন।

ডেঙ্গি, ম্যালেরিয়া কেস ম্যানেজমেন্টের টিম গঠন করল স্বাস্থ্য দপ্তর। ৭ সদস্যের টিমে মূলত বেলেঘাটা আইডি হাসপাতালের চিকিৎসক, নার্স ও স্বাস্থ্যকর্মীদের রাখা হয়েছে। টিমের নোডাল অফিসার বেলেঘাটা আইডি হাসপাতালের সিনিয়র মেডিক্যাল অফিসার ডাঃ কৌশিক চৌধুরি। বাকি ৬ সদস্য হলেন বেলেঘাটা আইডি হাসপাতালের নার্সিং সুপার পূরবী মাইতি, সহকারী দুই সুপার সুতপা মজুমদার, তথাগত সরকার, ডেপুটি নার্সিং সুপার মিতালি গড়াই, দুই সিস্টার ইনচার্জ পূর্ণিমা সর্দার ও মানসী মণ্ডল।

## বেলেঘাটা আইডিতে ১০ জন ডেঙ্গি রোগী ভর্তি

# মিষ্টির দোকান, হোটেল, রেস্তোরাঁ আবর্জনার পরিমাণ অনুযায়ী ফি

কাকলি মুখোপাধ্যায়

মিষ্টির দোকান, হোটেল, রেস্তোরাঁর ক্ষেত্রে এবার থেকে জমা আবর্জনার পরিমাণের ভিত্তিতে সাফাই ফি দিতে হবে। সেই সাফাই ফি ট্রেড লাইসেন্সের সঙ্গে যোগ করে দেওয়া হবে। এমনই সিদ্ধান্ত নিয়েছে কলকাতা পুরসভা।

ব্যবসায়ী প্রতিষ্ঠানগুলোর বর্জ্য অপসারণের জন্য ওপর ফি–এর কথা ঘোষণা করেছিল কলকাতা পুরসভা। যদিও ৫০০ বর্গফুটের মধ্যে যেসব দোকান রয়েছে সেগুলোর ক্ষেত্রে সাফাই ফি–তে ছাড় দেওয়ার কথা আগেই ঘোষণা করেছে পুরপ্রশাসন। কিন্তু বর্জ্য অপসারণ ফি নিয়ে বড় দোকানদারদের মধ্যে ক্ষোভ তৈরি হয়েছে। ৫০০ বর্গফুটের বড় দোকান মালিকদের অভিযোগ, বর্জ্য অপসারণ ফি–সহ ট্রেড লাইসেন্সের জন্য অনেক বেশি টাকা দিতে হচ্ছে পুরসভাকে। ব্যবসায়ীদের অভিযোগ নিয়ে সম্প্রতি কলকাতা পুরভবনে ফোরাম অফ ট্রেডার্স অর্গানাইজেশন (পশ্চিমবঙ্গ)–এর প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে বসেন মেয়র পারিষদ দেবাশিস কুমার এবং দেবব্রত মজুমদার। বৈঠকে ব্যবসায়ীদের অভাব–অভিযোগ নিয়ে আলোচনার পরই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ প্রসঙ্গে ফোরাম অফ ট্রেডার্স অর্গানাইজেশন (পশ্চিমবঙ্গ) সংগঠনের সাধারণ সম্পাদক রবীন্দ্রনাথ কোলে জানান, অন্যদিকে ৫০০ বর্গফুটের কম জায়গার দোকানদারদের ক্ষেত্রে আগেই আবর্জনা সাফাইয়ে ছাড় দিয়েছে পুরসভা। এবার ৫০০ বর্গফুটের বেশি বড় দোকান, বিশেষ করে হোটেল, রেস্তোরাঁ কিংবা মিষ্টি বিক্রেতাদের ক্ষেত্রে যতটা আবর্জনা হবে তার ভিত্তিতে পুরসভা সাফাই ফি নেবে। কারণ খাবারের ছোট কিংবা বড় হোটেল এবং মিষ্টির দোকানের দৈনন্দিন বর্জ্যই অন্যান্য দোকানের থেকে বেশি হয়। যেমন লোহার কাজ হয় যে সব দোকানে, সেখানে সাধারণত ধাতব বর্জ্যই জমা হয়। ধাতব বর্জ্য বিক্রি করা যায়। কিন্তু খাবারের দোকানের বর্জ্য পরিষ্কার করতে হয়।

# মোবাইল চোর ধৃত

আজকালের প্রতিবেদন

নিউ মার্কেট থানা এলাকা থেকে একটি দামি মোবাইল ফোন এবং ৭০ হাজার টাকা চুরি করে ধরা পড়ল বাসন্তী সাউ নামে এক মহিলা। লালবাজারের গোয়েন্দারা শুক্রবার তাকে গ্রেপ্তার করেছে। ১৭ জুলাই জওহরলাল নেহরু রোডের কাছে চুরি হয়। শনিবার ধৃতকে ব্যাঙ্কশাল আদালতে হাজির করা হয়। আদালত ধৃতকে ৫ আগস্ট অবধি পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছে।

# হুমায়ুন কবিরকে শোকজ

● ১ পাতার পর

হুমায়ুন মুর্শিদাবাদে ‘দলবদলু’ নামেই পরিচিত। কংগ্রেসের হাত ধরে এলেও অধীরের সঙ্গ ছেড়ে তৃণমূলে যোগ দিয়েছিলেন। মন্ত্রীও হয়েছিলেন। তারপর তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগ দেন। মুর্শিদাবাদ কেন্দ্রে বিজেপির হয়ে লোকসভার ভোটে প্রার্থী হয়ে হারার পর ফের তৃণমূলে আসেন। ২০২১–এর ভরতপুরে প্রার্থী হয়ে জয়ীও হন। শোকজ প্রসঙ্গে হুমায়ুন বলেন, ‘আমি জেলার নেতৃত্বের পদ থেকে অপসারণ চেয়েছি বলেই আমাকে শোকজ করা হল। কিন্তু আজও আমি জেলা সভাপতি শাওনি সিংহরায় ও অপূর্বর অপসারণ চাই। আমি আমার দাবি থেকে সরছি না। তাতে দল বহিষ্কার করলে করবে।’ ইঙ্গিতও দিলেন, বহিষ্কার করলে ২০২৬ বিধানসভায় অন্য দলের হয়ে রেজিনগরে প্রার্থী হবেন। তবে বহরমপুর সাংগঠনিক জেলা সভাপতি শাওনি সিংহরায়ের মন্তব্য, উনি বহুদিন ধরেই দলের বিরুদ্ধে কথা বলে চলেছেন। রাজ্য কমিটি যে সিদ্ধান্ত নেবে তা মেনে চলব।

# বিজেপির হাতে আক্রান্ত তৃণমূল

গৌতম চক্রবর্তী

কুলতলিতে বিজেপির হাতে আক্রান্ত হলেন তৃণমূল কর্মী। দোকানে বসে পঞ্চায়েত ভোট নিয়ে নিজেদের মধ্যে আলোচনা চলাকালীন হঠাৎই এক তৃণমূল কর্মীকে মারধর করার অভিযোগ উঠল বিজেপি কর্মীদের বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে কুলতলির সানকিজাহানে। ঘটনায় আক্রান্ত হয়েছেন তৃণমূল কর্মী সুব্রত গায়েন। বাঁচাতে গিয়ে আক্রান্ত হয়েছেন তাঁর মা–বাবাও। ঘটনায় কুলতুলি থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে কুলতলি থানার পুলিশ। যদিও অভিযোগ অস্বীকার করেছে বিজেপি নেতৃত্ব। গ্রাম্য বিবাদের জেরে এই ঘটনা বলে দাবি বিজেপি নেতৃত্বের। অন্যদিকে, এই ঘটনায় সঠিক তদন্ত চেয়ে দোষীদের শাস্তির দাবি জানিয়েছেন কুলতলির বিধায়ক গণেশ মণ্ডল। আক্রান্তের পরিবার ও পুলিশ সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার সন্ধেবেলায় একটি চায়ের দোকানে সবাই মিলে বসে আড্ডা দিচ্ছিলেন। সেই সময় পঞ্চায়েত ভোটের প্রসঙ্গও ওঠে। আলোচনা চলাকালীন একে অপরের সঙ্গে বিবাদে জড়িয়ে পড়েন। তাতেই বিজেপি কর্মীদের হাতে আক্রান্ত হন তৃণমূল কর্মী।





এসইউসিআই (সি)–এর ব্রিগেড সমাবেশ ৫ আগস্ট। তারই প্রচারে দেওয়াল লিখন কলকাতায়। ছবি: আজকাল

SHRISTI WELCOME TO LIFE

**সৃষ্টি ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড**

রেজিস্টার্ড অফিস: প্লট নং X–১, ২ ও ৩, ব্লক- ইপি, সেক্টর–৫, সল্ট লেক সিটি, কলকাতা–৭০০০৯১
সিআইএন: L65922WB1990PLC049541
ফোন: + ৯১ ৩৩ ৪০২০ ২০২০; ই–মেল: investor.relations@shristicorp.com
ওয়েবসাইট: www.shristicorp.com

**শেয়ারহোল্ডারদের প্রতি নোটিস**

**ইকুইটি শেয়ারহোল্ডার ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ডে স্থানান্তরের জন্য**

এতদ্দ্বারা এই নোটিস জারি করা হচ্ছে যে, ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড অথরিটি (অ্যাকাউন্টিং, অডিট, ট্রান্সফার অ্যান্ড রিফান্ড) রুলস, ২০১৬ সংশোধিত (রুলস) ও কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ (অ্যাক্ট) মাফিক।

রুলসের রুল ৬ সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ (অ্যাক্ট)–এর ১২৪(৬) মাফিক যে সমস্ত শেয়ারের ওপর লভ্যাংশ উপর্যুপরি সাত বছর ধরে অপ্রদত্ত বা অদাবিকৃত রয়েছে, সেগুলি কোম্পানি দ্বারা আইইপিএফ অথরিটি–তে স্থানান্তর হবে।

সেই মত ২০১৫–১৬ অর্থবর্ষ থেকে শুরু করে আজ পর্যন্ত যে সমস্ত শেয়ারের ওপর লভ্যাংশ উপর্যুপরি সাত বছর ধরে অপ্রদত্ত বা অদাবিকৃত রয়েছে, রুলসে সেগুলি কোম্পানি দ্বারা আইইপিএফ অথরিটির ডিম্যাট অ্যাকাউন্টে স্থানান্তরিত হবে। যে সমস্ত শেয়ারহোল্ডারগণ সাত বছর ধরে সহ পরবর্তী অর্থবর্ষেও তাঁদের লভ্যাংশের দাবি জানাননি, তাঁদের সর্বশেষ জ্ঞাত ঠিকানায় এই কোম্পানি ইতিমধ্যেই আইইপিএফ অথরিটি–তে স্থানান্তরের জন্য প্রস্তাবিত শেয়ারগুলির বিশদ তথ্য চিঠিতে পাঠানো হয়েছে, যাতে তাঁদের লভ্যাংশের দাবি জানান। শেয়ারহোল্ডারের নাম, ঠিকানা, ফোলিও নম্বর, ডিপি আইডি/ক্লায়েন্ট আইডি ইত্যাদি তথ্য কোম্পানির www.shristicorp.com ওয়েবসাইটে আপলোড করে দেওয়া হয়েছে।

২৯ অক্টোবর, ২০২৩ তারিখের মধ্যে নিজেদের অদাবিকৃত/অপ্রদত্ত লভ্যাংশ অর্থাঙ্ক(সমূহ)–এর জন্য দাবি পেশ করতে সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে । যার অন্যথা হলে উপরিলিখিত অর্থবর্ষের পরিপ্রেক্ষিতে যে সমস্ত শেয়ারের ওপর লভ্যাংশ অপ্রদত্ত/অদাবিকৃত রয়েছে, সেগুলি কোনও নোটিস ছাড়াই আইইপিএফ অথরিটি–তে স্থানান্তর করে দেওয়া হবে। এর পর দাবিহীন লভ্যাংশ/শেয়ার এর বিষয়ে কোম্পানির বিরুদ্ধে কিছু বলা যাবেনা।

আইইপিএফ অথরিটি–তে স্থানান্তরের পর যদি সংশ্লিষ্ট শেয়ারহোল্ডাররা উক্ত শেয়ারগুলি দাবি করতে চান, সেক্ষেত্রে উক্ত রুলসমূহে নির্ধারিতমতো ‘ফর্ম আইইপিএ–৫’–এর মাধ্যমে আইইপিএফ অথরিটির কাছে আলাদাভাবে আবেদন জানাতে হবে যার বয়ান আইইপিএফ–এর www.iepf.gov.in ওয়েবসাইটে দেওয়া আছে। ব্যাখার জন্য যোগাযোগ করুন: কোম্পানির রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট কে ফিন টেকনোলজিস প্রাইভেট লিমিটেড, সেলেনিয়াম টাওয়ার বি, প্লট ৩১–৩২, ফিনান্সিয়াল ডিস্ট্রিক্ট, নানাক্রমগুদা, হায়দরাবাদ ৫০০০৩২, ফোন ০৪০ ৬৭১৬১৫৭১, ফ্যাক্স ০৪০ ২৩৪২০৮১৪, ই মেল einward.ris@kfintech.com।

কোম্পানি বাস্তবিক শেয়ারহোল্ডারদের প্যান, মনোনয়ন, ব্যাঙ্ক ও অন্য কে ওয়াই সি আপডেট করুন, যা না থাকলে আরটিএ দ্বারা সেবি সার্কুলার নং SEBI/HO/MIRSD/MIRSD-PoD-1/P/CIR/2023/37, তারিখ ১৬ মার্চ, ২০২৩ মাফিক হবে।

সৃষ্টি ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড–এর পক্ষে
স্বাঃ–
কৃষ্ণ কুমার পাণ্ডে
কোম্পানি সেক্রেটারি

স্থান: কলকাতা
তারিখ : ২৮.০৭.২০২৩

ICICI Bank | ব্রাঞ্চ অফিস: আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, 228A, এজেসি বোস রোড, ল্যান্ডমার্ক বিল্ডিং, ফ্লোর নং 4, কলকাতা, পশ্চিমবঙ্গ–700020

**প্রকাশ্য বিজ্ঞপ্তি – সুরক্ষিত পরিসম্পদ বিক্রয়ের জন্য টেন্ডার তথা নিলাম**

[রুল 8(6) এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

**স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য বিজ্ঞপ্তি**

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, 2002 এর রুল 8(6) এর সংস্থানসমূহ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, 2002 অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ) এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক দ্বারা **বাস্তবিক দখল** নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দাখিলযোগ্য নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি ‘যেখানে আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেমন আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে যার সংক্ষিপ্ত তথ্য এখানে নীচে দেওয়া হয়েছে:–

| ক্রম নং | ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ জামিনদারগণ এর নাম এবং লোন অ্যাকাউন্ট নম্বর | জানা দায় (যদি থাকে) সমেত সুরক্ষিত পরিসম্পদের বিবরণ | বকেয়া অর্থাঙ্ক | সংরক্ষণ মূল্য / বায়না জমা | সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময় | নিলামের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| (A) | (B) | (C) | (D) | (E) | (F) | (G) |
| 1 | মিঃ সঞ্জীব কুমার মাহাতা (ঋণগ্রহীতা)/ সবিতা মাহাতা (সহ–ঋণগ্রহীতা)/ LBCAL00004967452 | ফ্ল্যাট নং 1C, ফার্স্ট ফ্লোর, কাব্য ফেজ–II, ব্লক ‘G’, আর এস/ এল আর দাগ নং 1248, 1249, 1250 ও 1252, মৌজা– রেকজোয়ানি, জে এল নং 13, থানা– রাজারহাট, উত্তর 24 পরগনা, পশ্চিমবঙ্গ– 700135, সুপার বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি 931 বর্গফুট এবং কমন এরিয়ার সমানুপাতিক অংশ পরিমাণ সামান্য কমবেশি 284.81 বর্গফুট। | ₹ 39,74,365/– (25 জুলাই, 2023 অনুযায়ী) | ₹20,00,000/– / ₹2,00,000/– | 17 আগস্ট, 2023 দুপুর 02:00টো থেকে বিকেল 04:00টা | 29 আগস্ট, 2023 সকাল 11:00টায় শুরু |
| 2 | মিঃ সোমদেব চ্যাটার্জি (ঋণগ্রহীতা)/ মালবী চ্যাটার্জি (সহ–ঋণগ্রহীতা)/ LBCAL00005130464/ LBCAL00005128346 | ফ্ল্যাট নং ‘B’, গ্রাউন্ড ফ্লোর (দক্ষিণ–পূর্ব পার্শ্বে), ‘বসুন্ধরা আবাস’, মিউনিসিপ্যাল হোল্ডিং নং BMC-134 (পূর্বতন RGM-17/134 এবং RGM-17/135), মৌজা– রঘুনাথপুর, জে এল নং 8, রে সা নং 134, তৌজি নং 1047, আর এস/ এল আর দাগ নং 481, আর এস খতিয়ান নং 267, এল আর খতিয়ান নং 2624 ও 2625, থানা– বাগুইআটি, ওয়ার্ড নং 9, বিধাননগর মিউনিসিপ্যাল কর্পোরেশন, জেলা– উত্তর 24 পরগনা, কলকাতা, পশ্চিমবঙ্গ, সুপার বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি 928 বর্গফুট। | ₹ 29,56,311/– (25 জুলাই, 2023 অনুযায়ী) | ₹19,00,000/– / ₹1,90,000/– | 21 আগস্ট, 2023 দুপুর 02:00টো থেকে বিকেল 04:00টা | 29 আগস্ট, 2023 সকাল 11:30টায় শুরু |

অনলাইন নিলাম প্রক্রিয়াটি আমাদের নিলাম এজেন্সি মেসার্স নেক্সজেন সলিউশনস প্রাইভেট লিমিটেড (ইউআরএল লিঙ্ক: https://disposalhub.com)–এর ওয়েবসাইটের মাধ্যমে আয়োজিত হবে। এতদ্দ্বারা সংশ্লিষ্ট বন্ধকদাতাগণ/ বিজ্ঞপ্তি গ্রহীতাগণকে **28 আগস্ট, 2023 বিকেল 5:00**টার মধ্যে সম্পূর্ণ বকেয়া অর্থাঙ্ক সুদসমেত পরিশোধের জন্য শেষ সুযোগ দেওয়া হল, অন্যথায় নির্ধারিত সূচি অনুযায়ী এই সুরক্ষিত পরিসম্পদ বিক্রি করা হবে।
সম্ভাব্য ডাকদাতা(গণ)–কে অবশ্যই ওপরে উল্লিখিতমতো (ওপরের টেবলের কলাম নং ‘E’ দ্রষ্টব্য) বায়না জমা বাবদ অর্থাঙ্ক (ইএমডি) ডিমান্ড ড্রাফ্ট (ডিডি) রূপে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, 228A, এজেসি বোস রোড, ল্যান্ডমার্ক বিল্ডিং, ফোর্থ ফ্লোর, কলকাতা–700020 ঠিকানাস্থিত অফিসে **28 আগস্ট, 2023** তারিখ বিকেল **5:00**টার মধ্যে জমা দিতে হবে এবং তার পরে সর্বশেষ **28 আগস্ট, 2023 বিকেল 5:00**টার মধ্যে ওপরে লেখা ওয়েবসাইটে নিজেদের দরপ্রস্তাব ইএমডি জমার প্রমাণ হিসেবে ব্যাঙ্কের তরফে প্রাপ্তিস্বীকার করা ডিমান্ড ড্রাফ্টের স্ক্যান করানো কপি সমেত দাখিল করতে হবে। অনুগ্রহ করে খেয়াল রাখবেন, সম্ভাব্য ডাকদাতা(গণ) ওয়েবসাইটের মাধ্যমে দরপ্রস্তাব জমা দিতে না পারলে টেন্ডার ডকুমেন্টের স্বাক্ষরিত কপি স্ক্যান করিয়ে সর্বশেষ **28 আগস্ট, 2023 বিকেল 5:00**টার মধ্যে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, 228A, এজেসি বোস রোড, ল্যান্ডমার্ক বিল্ডিং, ফোর্থ ফ্লোর, কলকাতা–700020 ঠিকানায় জমা দিতে হবে। ইএমডি বাবদ অর্থাঙ্ক কোনও রাষ্ট্রায়ত্ত/তফসিলভুক্ত ব্যাঙ্ক থেকে **‘ICICI Bank Limited’**–এর অনুকূলে কাটা ও **Kolkata**–তে প্রদেয় ডিমান্ড ড্রাফ্ট/ পে–অর্ডাররূপে জমা দিতে হবে।
সম্পত্তি পরিদর্শন, নিলামের শর্ত ও নিয়মাবলি অথবা টেন্ডার জমা দেওয়া সংক্রান্ত প্রশ্নের পরিষ্কার উত্তর পেতে অনুগ্রহ করে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড–এর সঙ্গে **9163343439** অথবা মেসার্স নেক্সজেন সলিউশনস প্রাইভেট লিমিটেড–এর **8697008233/ 9810029926/ 09310029933/ 01244233933** নম্বরগুলিতে যোগাযোগ করবেন।
অনুগ্রহ করে খেয়াল রাখবেন, মার্কেটিং এজেন্সি মেসার্স নেক্সজেন সলিউশনস প্রাইভেট লিমিটেড–কে এই সম্পত্তি বিক্রিতে সহায়তার কাজেও নিয়োজিত করা হয়েছে।
কোনও কারণ না দেখিয়ে যে কোনও অথবা সমস্ত দরপ্রস্তাব বাতিল করার অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে। বিক্রির শর্ত ও নিয়মাবলি বিশদে জানতে অনুগ্রহ করে এই ওয়েবসাইট দেখুন: **www.icicibank.com/n4p4s**।

তারিখ: 28 জুলাই, 2023
স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক
আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড